

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫৭৬

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقي)

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - শুভ ও অশুভ লক্ষণ

بَابُ الْفَأْلِ وَالطِّيرَةِ

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «لَا طِيَرَةَ وَخَيْرُهَا الْفَأْلُ؛ قَالَ: «الْكَلِمَةُ الصَّالِحَة يسْمعهَا أحدكُم»

বাংলা

"الطيرة" "الفال والطيرة" "الفال "الفال "الفال الفال الفال الفال والطيرة" "الفال والطيرة" "الفال الفال الفال الفال الفال الفال الفال الفال الفال الفال المورة عربة والفال الفال المورة الفال الفال المورة المورة

নিহায়াহ্ গ্রন্থ থেকে আরো বুঝা যায় যে, নির্গত হওয়ার মূলেই الفال শব্দটি 'আম আর الطيرة শব্দটি খাস। কতক ব্যবহারের একটি অপরটির সমার্থবাধক। হাদীসসমূহ থেকে বুঝা যায় যে, الفال থেকে الطيرة الطيرة الفائل খেকে مِن عَنْدُهُا الْفَاْلُ খেক। বি সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কথায় বাহ্যিকভাবে বুঝা যায় যে, لا طِيَرَةَ وَخَيْدُهَا الْفَاْلُ কান কুলক্ষণ বা অশুভ লক্ষণ নেই আর তার উত্তম হলো الفال বা শুভ লক্ষণ।

'আরবের অধিবাসীদের এ অভ্যাস ছিল যে, তারা যখন কোন কাজের জন্য ভ্রমণের ইচ্ছা করত তখন গাছের উপর থেকে কোন পাখিকে উড়াত, যদি পাখিটি ডানদিকে যেত তখন যাত্রা শুভ বলে মনে করত এবং ভ্রমণের জন্য বের হয়ে যেত। আর যদি পাখিটি বাম দিকে উড়ে যেত তাহলে এ ভ্রমণ বা যাত্রাকে অকল্যাণ বা অশুভ বলে মনে করত এবং যাত্রা থেকে বিরত থাকত।



'আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ الطيرة الطيرة الطيرة عرب الطيرة प्रातिश्व प्रातिश प्रातिश्व प्रातिश

৪৫৭৬-[১] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ কোন কিছুকে অশুভ গণ্য করো না। অবশ্য কিছু শুভ লক্ষণ গ্রহণ করা উত্তম। সাহাবীগণ জিজ্ঞেস করলেনঃ শুভ লক্ষণ কী? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তোমাদের কারো পক্ষ কোন ভালো কথা, যা সে শুনতে পায়। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৫৭৫৪, ৫৭৫৫; মুসলিম (২২২৩)-১১০, আহমাদ ৭৬১৮, সহীহ ইবনু হিব্বান ৬১২৪, সহীহ আল আদাবুল মুফরাদ ৭০৩, মুসান্নাফ 'আবদুর রায্যাক ১৯৫০৩, বায়হাক্কী'র কুবরা ১৬৯৬০, শু'আবুল ঈমান ১১৬৮, আল জামি'উস্ সগীর ১৩৪৮৩, তিরমিয়ী ১৬১৫, সহীহুল জামি' ৭৫২৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৫৭৬, ইবনু মাজাহ ৩৫৩৭।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (لَا طِيْرَة) জাহিলী যুগের লোকেরা কোন সফরে বা প্রয়োজনে বের হওয়ার পূর্বে পাখি উড়াত। পাখি যদি উড়ে ডান দিক দিয়ে যেত তবে তারা এটাকে বারাকাত মনে করত। তখন তারা তাদের সফরে বা প্রয়োজনে বের হত। আর পাখি যদি উড়ে বাম দিকে যেত সেটাকে তারা অশুভ লক্ষণ মনে করত এবং তাদের সফর বা প্রয়োজন থেকে না বের হয়ে ফিরে আসত। আর এ কাজ তাদেরকে কল্যাণ থেকে অনেক সময় ধরে বিরত রাখত। এ কারণে শারী আত এটা নিষেধ করেছে এবং তা বাতিল বলে ঘোষণা করেছে। আর সংবাদ দিয়েছে যে, উপকার বা অপকার করার মতো কোন ক্ষমতাই তার নেই। আর এটাই হলো রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর বাণী (لَا طَيْرَةُ) এর অর্থ। (শারহুন নাবাবী ১৪শ খন্ড, হাঃ ২২২৩)

(خَيْرُهَا الْفَأْلُ) অর্থাৎ ভালো কথা দ্বারা সুন্দর আচরণ বুঝানো হয়েছে। طَيْرُهَا الْفَأْلُ 'ত্বয়র' তথা পাখি থেকে এটা গ্রহণ করা হয়নি। সম্ভবত ব্যাখ্যাকার এ প্রশ্নটি দূর করার ইচ্ছা করে বলেছেন অর্থাৎ الْفَأْلُ خَيْرٌ مِنَ الطّيرَة وَقَا مَعْنَا الْفَأْلُ خَيْرٌ مِنَ الطّيرَة وَقَا مَعْنَا الْفَأْلُ مَنَ الطّيرَة (ফাল) অশুভ লক্ষণ থেকে বহু উত্তম। এর অর্থ হলো الْفَأْلُ مَقاربات কল্যাণের সাথে সীমাবদ্ধ। যেমন الطّيرَة محقالات المقاربات الطّيرَة معقالات المقاربات المقاربات المقاربات المقاربات المؤلّبة المقاربات المؤلّبة المقاربات المؤلّبة المقاربات المؤلّبة ال



সাথে সীমাবদ্ধ। অতএব ধারাবাহিকতা এদিক থেকে যে, মধু সিরকা থেকে অধিক মিষ্টি। শীত গ্রীষ্ম থেকে অধিক ঠাপ্তা।

(یسْمعهَا أَحدكُم) সেই কথাটি কেউ ভালো মনে করে শুনে। যেমন হারানো জিনিসের মালিক বলল, হে প্রাপ্ত ব্যক্তি। যেমন- ব্যবসায়ী বলর, হে খাবার বিক্রেতা। মুসাফির বলল, হে নিরাপদ ব্যক্তি..... ইত্যাদি।

আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ الفَاَّلُ _ কে অনুমোদন দেয়া ও طِيرَةً _ কে নিষেধ করার কারণ হলো যখন কোন ব্যক্তি কোন জিনিস দেখে সেটাকে ভালো মনে করল আর তার প্রয়োজন পূরণের জন্য তাকে উৎসাহিত করল। অতএব তার উচিত হলো ঐ কাজটা করে ফেলা। আর এর পরে যদি সে কোন ক্ষতিকর জিনিস দেখল, আর তার প্রয়োজন পূরণে তাকে বিরত রাখল, তাহলে তা গ্রহণ করা তার জন্য বৈধ হবে না। বরং সে তার পথে বেরিয়ে পড়বে। যদি ওটাকে অশুভ মনে করে যাত্রা বন্ধ করে দেয় তাহলে সেই ক্ষেত্রে সেটা الطِّيرَةِ বলে গণ্য করেছে।

মহান আল্লাহ বলেন, إِنَّا تَطَيَّرْنَا بِكُمْ ''তোমাদেরকে অশুভ লক্ষণ মনে করি'' - (সূরাহ্ ইয়াসীন ৩৬ : ১৮)। তিনি আরো বলেন, كُمُ مَعَكُم অর্থাৎ ''তোমাদের অশুভ লক্ষণ গ্রহণের কারণে''- (সূরাহ্ ইয়াসীন ৩৬ : ১৯)। (মিরক্রাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75300

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন